যশোর বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়– ২ঘণ্টা ১০ মিনিট　　　　　　　　　　　　　　　　পূর্ণমান– ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **৬** টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ মি. রহমান BBC কোম্পানির আর্থিক ব্যবস্থাপক যিনি সর্বদা কোম্পানির মুনাফা বৃদ্ধির কথাই চিন্তা করেন। ফলে তিনি কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমানের দিক খেয়াল না রেখে পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে মুনাফা বৃদ্ধির দিকেই বেশি মনোযোগ দেন। পক্ষান্তরে মি. হারুন MAXWELL কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি তার কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমান যথাযথভাবে নিয়ন্ত্রণ করেন। ভোক্তার স্বার্থের দিকটা মাথায় রেখে তিনি সীমিত মুনাফা করেন। এতে করে MAXWELL কোম্পানির উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারিত হয়। মি. হারুন কোম্পানি সংশ্লিষ্ট সকলের স্বার্থের দিক মাথায় রেখে কোম্পানির সম্পদ বৃদ্ধির দিকে নজর দেন।

ক. অর্থায়ন কাকে বলে? ১

খ. অর্থ ও অর্থায়নের মধ্যে সম্পর্ক কী? ২

গ. উদ্দীপকের BBC কোম্পানিতে অর্থায়নের কোন লক্ষ্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

২. ▶ ডিংডং কোম্পানি একটি খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠান। কোম্পানিটির সম্প্রসারণের জন্য অতিরিক্ত মূলধনের প্রয়োজন হওয়ায় কোম্পানির ব্যবস্থাপক শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন। অপরপক্ষে, মার্সেল গ্রুপ একটি ভোগ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। মার্সেল গ্রুপ-এর ব্যবস্থাপক শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন বৃদ্ধির সিদ্ধান্ত নিলে আইনগত জটিলতায় পড়ে এবং জানতে পারে যে, মার্সেল গ্রুপ এর শেয়ার বিক্রির কোনো ক্ষমতা নেই।

ক. বাংলাদেশে কয়টি শেয়ারবাজার রয়েছে? ১

খ. BSEC কোন ধরনের সংস্থা? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ডিংডং কোম্পানি কোন ধরনের কোম্পানি? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের মার্সেল গ্রুপ কেন শেয়ার বিক্রির ক্ষমতা রাখে না? শেয়ার বিক্রি করা ছাড়া কোম্পানিটি কীভাবে মূলধন সংগ্রহ করতে পারে তা বিশ্লেষণ করো। ৪

৩.▶ হাসি ও খুশি দুই বোন। হাসি মেঘনা ব্যাংকে বছরের শুরুতে ১০% সুদে এবং খুশি যমুনা ব্যাংকে বছরের শেষে ১২% সুদে ১০,০০০ টাকা করে ১০ বছর জমা করেন।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের হাসি মেয়াদ শেষে কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকের আলোকে মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন, বিশ্লেষণ করে দেখাও। ৪

৪.▶ নিম্নে মডার্ন ফুড কোম্পানি লিমিটেডের কিছু তথ্য দেয়া হলো:

বার্ষিক মোট বিক্রয়	৬০,০০০	একক
গোডাউন ভাড়া (বাৎসরিক)	৬০,০০০	টাকা
কারখানা বিল্ডিং ভাড়া (বাৎসরিক)	৮০,০০০	”
অফিস ভাড়া (মাসিক)	৫,০০০	”
প্রতি এককের বিক্রয় মূল্য	৪০	”
প্রতি এককের পরিবর্তনশীল ব্যয়	২৪	”

ক. সমচ্ছেদ বিন্দু বলতে কী বোঝ? ১
খ. সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় কেন নির্ণয় করো। ২
গ. উদ্দীপকটির আলোকে কোম্পানির ব্যবস্থাপক ৪০,০০০ টাকা মুনাফা করতে চাইলে কত একক বিক্রয় করতে হবে? ৩
ঘ. উদ্দীপকটিতে যদি প্রতি এককের বিক্রয় মূল্য ১০% বৃদ্ধি করা হয় তবে সমচ্ছেদ বিন্দুর ওপর কী প্রভাব পড়বে, বিশ্লেষণ করো। ৪

৫.▶ মি. রফিক একজন সফল মোটর বাইক ব্যবসায়ী। তিনি HORO কোম্পানির বাইক ২/১০, নিট ৩০ শর্তে ধারে ক্রয় করেন। কিন্তু তিনি ইচ্ছা

করলে ৪/১০, নিট ৩০ শর্তে BAJAJ কোম্পানির বাইক ধারে ক্রয় করতে পারেন।
ক. ব্যবসায় ঋণ কী? ১
খ. স্বল্পমেয়াদি ঋণ প্রতিষ্ঠানের কোন প্রয়োজনে ব্যবহার করা হয়? ২
গ. উদ্দীপকের আলোকে মি. রফিকের HORO কোম্পানির ব্যবসায় ঋণের ব্যয় কত? ৩
ঘ. উদ্দীপকের দু'টি কোম্পানির বাইকের মধ্যে মি. রফিকের জন্য কোনটি অধিক গ্রহণযোগ্য? বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. সাহা J & J কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। মি. সাহার নিকট কোম্পানি সম্প্রসারণের জন্য বিভিন্ন উৎস থেকে মূলধন সংগ্রহের সুযোগ রয়েছে। কিন্তু তিনি এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান যেখানে মূলধন পরিশোধের সীমারেখার মধ্যে বাধ্যবাধকতা কম। পক্ষান্তরে K & K কোম্পানির আর্থিক ব্যবস্থাপক মি. ঘোষ ব্যাংক ঋণ নিয়ে কোম্পানি সম্প্রসারণ কার্যক্রম করার সিদ্ধান্ত নেন। K & K কোম্পানি যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ায় খেলাপি ঋণীর তালিকাভুক্ত হয়।
ক. বন্ড কী? ১
খ. সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের মধ্যে পার্থক্য নির্ণয় করো। ২
গ. উদ্দীপকে J & J কোম্পানির মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের দু'টি কোম্পানির মূলধন সংগ্রহের উৎসের তুলনামূলক চিত্র বিশ্লেষণ করো। ৪

৭.▶ কাঞ্চন লিমিটেড কোম্পানি তার মূলধন বৃদ্ধির লক্ষ্যে ৫,০০০ টাকা লিখিত মূল্যের ১২% অগ্রাধিকার শেয়ার ইস্যু করে, যার বাজারমূল্য ৪,৫০০ টাকা এবং বিক্রয় ব্যয় ২৫০ টাকা। শেয়ার ইস্যুর দিন থেকে মেয়াদকাল ৫ বছর এবং কোম্পানির কর হার ৪০%। অন্যদিকে কোম্পানি ১৫% ঋণপত্রও ইস্যু করতে পারেন, যার বাজার মূল্য ৪,৮০০ টাকা। লিখিত মূল্য ৫,০০০ টাকা এবং ভাসমান ব্যয় ২০০ টাকা, মেয়াদ ৫ বছর।
ক. মূলধন ব্যয় কাকে বলে? ১
খ. ঋণপত্র ইস্যু করলে কোম্পানি অগ্রাধিকার শেয়ারের তুলনায় কী সুবিধা পায়? ২
গ. উদ্দীপকের অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে অগ্রাধিকার শেয়ারের পরিবর্তে ঋণপত্র ইস্যু করলে কোম্পানির আর্থিক অবস্থার ওপর কী প্রভাব পড়বে, তা বিশ্লেষণ করো। ৪

৮.▶ মিসেস হেলেনের 'সুরুচি আচার' নামে একটি আচারের ব্যবসায় আছে। তিনি গ্রীষ্মকালে একইসাথে কুল, আমসহ বেশ কয়েক প্রকারের আচার তৈরি এবং বাজারজাত করেন। ফলে এ সময় তার ব্যবসায়ে তারল্য সংকট দেখা দেয়। অপরপক্ষে, মিসেস পারভীনের 'টক-ঝাল' নামে একটি আচার ও জেলির ব্যবসায় আছে। তিনি সারাবছর ধরে বিভিন্ন ফলের আচার ও জেলি তৈরি ও বাজারজাত করেন। মিসেস পারভীন তার ব্যবসায় দীর্ঘকাল ধরে সুন্দরভাবে পরিচালনা করে আসছেন।

ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১

খ. মূলধন বাজেটিং-এর সাথে বিনিয়োগের সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মিসেস হেলেনের ব্যবসায়ে আর্থিক সংকটের কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মিসেস পারভীনের ব্যবসায়ে কেন কোনো আর্থিক সংকট দেখা যায় না, তা বিশ্লেষণ করো। ৪

৯.▶ মি. আলী একজন নামকরা গার্মেন্টস ব্যবসায়ী। তার ফ্যাক্টরির উৎপাদিত গার্মেন্টস পণ্য আন্তর্জাতিক মানের। অপরপক্ষে মি. সিদ্দিক গার্মেন্টস ব্যবসার পাশাপাশি ভোগ্যপণ্য, আবাসন ও বিভিন্ন নামকরা কোম্পানির শেয়ারে বিনিয়োগ করে থাকেন। গত বছর যুক্তরাষ্ট্র কর্তৃক আরোপিত বিধি-নিষেধের ফলে গার্মেন্টস সেক্টরে প্রভূত ক্ষতির সম্মুখীন হয়। ফলে মি. আলী তার ব্যবসায়ের মূলধন হারিয়ে পথে বসেন। কিন্তু মি. সিদ্দিক পূর্ববর্তী বছরের মতো এ বছর ব্যবসায়ে মুনাফা না করতে পারলেও ক্ষতির সম্মুখীন হন না।

ক. ঝুঁকি কী? ১

খ. 'ব্যবসায় ঝুঁকি মুনাফা অর্জন ক্ষমতা হ্রাস করে'– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মি. আলী তার ব্যবসায়ে ক্ষতির সম্মুখীন হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. সিদ্দিকের ব্যবসায়ের আলোকে পোর্টফোলিও থিওরির সাথে ঝুঁকির সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

বিষয় কোড : ২৯২

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

সময় ঃ ৪০ মিনিট | পূর্ণমান— ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. প্রতি বছর সমপরিমাণ টাকা জমা দেওয়া বা গ্রহণ করা হলে তাকে কী বলা হবে?
(ক) বর্তমান মূল্য (খ) ভবিষ্যত মূল্য
(গ) বার্ষিক বৃত্তি (ঘ) মিশ্র নগদান প্রবাহ

২. বর্তমান ও ভবিষ্যত মূল্য সমান হবে—
i. মেয়াদকাল শূন্য হলে
ii. সুদের হার শূন্য হলে
iii. বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা এক হলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩. জামানতযুক্ত ঋণপত্রকে কী বলে?
(ক) বন্ড (খ) স্টক (গ) শেয়ার (ঘ) বন্ধক

৪. বাংলাদেশে স্টক এক্সচেঞ্জ কয়টি?
(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি

৫. মূলধনের অর্থায়নের উৎস কয়টি?
(ক) ৫টি (খ) ২টি (গ) ৩টি (ঘ) ৪টি

৬. মূলধন বাজেটিং কোন ধরনের বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত?
(ক) স্বল্পমেয়াদি (খ) দীর্ঘমেয়াদি
(গ) মধ্যমেয়াদি (ঘ) স্বল্প ও মধ্যমেয়াদি

৭. মূলধন বাজেটিংয়ে ব্যবহৃত পদ্ধতিগুলোর মধ্যে সবচেয়ে ভালো হলো—
(ক) ARR (খ) IRR
(গ) NPV (ঘ) Pay Back Period

৮. প্রতি একক ঝুঁকির প্রত্যাশিত আয় হলো—
(ক) বিভেদাঙ্ক (খ) পরিমিত ব্যবধান
(গ) সহভেদাঙ্ক (ঘ) বিটা

৯. ভেদাঙ্ক ও পরিমিত ব্যবধানের সাহায্যে—
(ক) মোট ঝুঁকি পরিমাপ করা হয়
(খ) বাজার ঝুঁকি পরিমাপ করা হয়
(গ) একক ঝুঁকি পরিমাপ করা হয়
(ঘ) কোনোটি নয়

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
মিসেস পুনম ইসলামপুরে কাপড়ের ব্যবসায়ে আগ্রহী। সকল প্রকার সিদ্ধান্ত গ্রহণের পর তিনি উপলব্ধি করলেন যে তার নিজের সঞ্চিত তহবিল ব্যবসায় আরম্ভ করার জন্য পর্যাপ্ত নয়। অতঃপর তিনি রূপসা ব্যাংকের নিকট হতে ঋণ গ্রহণের জন্য আবেদন করলেন। ব্যাংক তার মোট মূলধনের শতকরা ৫০ শতাংশ অর্থ ব্যাংক ঋণ হিসেবে প্রদান করে। অবশেষে তিনি মোট মূলধনের $\frac{১}{২}$ অংশ ও নিজের সঞ্চিত তহবিল হতে অর্থ সংগ্রহ করে ব্যবসায় আরম্ভ করেন।

১০. মিসেস পুনমের ঋণ গ্রহণের ফলে—
(ক) ব্যবসায় ঝুঁকির সৃষ্টি হয়
(খ) আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়
(গ) মোট ঝুঁকির সৃষ্টি হয়
(ঘ) দায় সৃষ্টি হয়

১১. মিসেস পুনম ঋণ গ্রহণের ফলে উদ্ভূত ঝুঁকি—
(ক) পরিহারযোগ্য
(খ) অপরিহারযোগ্য
(গ) সামগ্রিকভাবে পরিহারযোগ্য
(ঘ) কোনটিই নয়

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব কাদের তার ব্যবসায়ে মুনাফার প্রত্যাশায় মূলধন বিনিয়োগ করেন। হিসাবকাল শেষে তিনি বড় অঙ্কের মুনাফা পান। তিনি পুনরায় অধিক মুনাফার প্রত্যাশায় একাধিক প্রকল্পে বিনিয়োগ করেন।

১২. জনাব কাদেরের ব্যবসায়ের মূল লক্ষ কী?
(ক) সম্পদ সর্বাধিকরণ
(খ) মুনাফা সর্বাধিকরণ
(গ) সামাজিক কল্যাণ সাধন
(ঘ) স্থায়ী সম্পদ সর্বাধিকরণ

১৩. জনাব কাদেরের ব্যবসায়ের মুনাফা সর্বাধিকরণের পিছনে মূল সীমাবদ্ধতা কোনটি?
(ক) এটি ঝুঁকি বিবেচনা করে না
(খ) এটি হিসাব নীতি অনুসরণ করে না
(গ) আর্থিক প্রবাহ বিবেচনা করে না
(ঘ) অর্থের সময়মূল্যকে বিবেচনা করে না

উদ্দীপকটি পড়ো এবং ১৪, ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।
সাহিক অ্যান্ড কোং পরিবর্তনশীল ব্যয় ৪ টাকা ও স্থায়ী ব্যয় ১,৮০০ টাকা। ১,০০০ একক ফ্লাস্কার প্রতিটি ১০ টাকা মূল্যে বিক্রি করে। সমজাতীয় অন্যান্য প্রতিষ্ঠান আছে যারা ৯ টাকা মূল্যে বিক্রি করে।

১৪. সাহিক অ্যান্ড কোং এর সমআয়-ব্যয় বিন্দু কত একক?
(ক) ২০০ (খ) ৩০০
(গ) ৪০০ (ঘ) ৫০০

১৫. সাহিক অ্যান্ড কোং মুনাফা বৃদ্ধির জন্য নিচের কোন পদক্ষেপটি গ্রহণ করতে পারে?
(ক) পরিবর্তনশীল ব্যয় কমিয়ে
(খ) বিক্রয়মূল্য বৃদ্ধি করে
(গ) বিক্রয় একক বৃদ্ধি করে
(ঘ) স্থায়ী ব্যয় কমিয়ে

১৬. সাহিক অ্যান্ড কোং-এর মোট স্থায়ী ব্যয় ২০,০০০ টাকা হলে এবং একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৬ টাকা হলে উক্ত কোম্পানির সমচ্ছেদ বিন্দু কত টাকা হবে?
(ক) ৩,০০০ (খ) ৪,০০০
(গ) ৪,৫০০ (ঘ) ৫,০০০

১৭. একটি কারবার প্রতিষ্ঠানের চলতি দায় পরিশোধের সক্ষমতা যাচাইয়ের জন্য কোন অনুপাতটি ব্যবহার করা হয়?
(ক) দ্রুত অনুপাত (খ) চলতি অনুপাত
(গ) মালিকানা অনুপাত (ঘ) চলতি মূলধন অনুপাত

১৮. সমচ্ছেদ বিন্দু নির্ণয়ে নিচের কোনটি প্রভাব বিস্তার করে?
(ক) পরিচালনা অনুপাত (খ) স্থায়ী ব্যয়
(গ) আর্থিক লিভারেজ (ঘ) নিট আয়

১৯. নিচের কোনটি চলতি সম্পত্তি?
i. ঋণ ii. মজুদ পণ্য
iii. দেনাদার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. উদ্বৃত্তপত্রে কী কী উল্লেখ থাকে?
(ক) আয়-ব্যয় (খ) লাভ-লোকসান
(গ) সম্পত্তি ও দায় (ঘ) জমা-খরচ

২১. ব্যবসায়ে নগদ অর্থের আগমন ঘটলে তাকে কী বলে?
ক) ব্যয় খ) ঘাটতি ব্যয়
গ) বহিঃপ্রবাহ ঘ) আন্তঃপ্রবাহ

২২. ব্যবসায়ে দেনাদার বৃদ্ধি পেলে কী ঘটবে?
ক) নগদ আন্তঃপ্রবাহ খ) নগদ বহিঃপ্রবাহ
গ) সম্পত্তি বৃদ্ধি ঘ) সুনাম বৃদ্ধি

২৩. সমচ্ছেদ বিন্দু থেকে প্রকৃত বিক্রয়ের দূরত্বকে কী বলে?
ক) নিরাপত্তা দূরত্ব খ) পরিচালনা লিভারেজ
গ) ব্যয় দূরত্ব ঘ) উদ্বৃত্ত দূরত্ব

নিচের একটি উদ্দীপক দেওয়া আছে।
সালাম এন্টারপ্রাইজ লি.-এর এককপ্রতি বিক্রয় ২০ টাকা। একক প্রতি উৎপাদন ব্যয় ১৫ টাকা।

২৪. সালাম এন্টারপ্রাইজ লি.-এর সমচ্ছেদ বিন্দু নির্ণয়ের জন্য আর কোন তথ্যটি প্রয়োজন?
i. পরিবর্তনশীল ব্যয়
ii. বার্ষিক ব্যয়
iii. স্থায়ী ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. সালাম এন্টারপ্রাইজ লি.-এর ব্যবসায় মুনাফা সর্বোচ্চকরণ করতে চাইলে করণীয় কী করতে পারে?
i. একক প্রতি বিক্রয়মূল্য বাড়ানো
ii. পরিবর্তনশীল ব্যয় কমানো
iii. স্থায়ী ব্যয় কমানো
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. বিনিময়ের মাধ্যম হিসেবে সর্বজন গ্রহণযোগ্য দ্রব্যকে কী বলে?
ক) অর্থ খ) মুনাফা গ) আয় ঘ) ব্যয়

২৭. দীর্ঘমেয়াদি আর্থিক বিনিয়োগকে কী বলে?
ক) মূলধন বাজেটিং খ) অপারেটিং বাজেটিং
গ) আন্তর্জাতিক বাজেটিং
ঘ) অভ্যন্তরীণ অর্থায়ন

২৮. নিচের কোনটি ক্ষুদ্র ঋণের নিয়ন্ত্রক সংস্থা
ক) MCA খ) SEC
গ) DSE ঘ) CSE

২৯. নিচের কোন বাজারকে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন নিয়ন্ত্রণ করে?
ক) মূলধন খ) মুদ্রা গ) স্বর্ণ ঘ) রৌপ্য

৩০. ভবিষ্যতে প্রাপ্তব্য টাকার বর্তমান মূল্যকে কী বলে?
ক) বর্তমান মূল্য খ) বহিঃপ্রবাহ
গ) আন্তঃপ্রবাহ ঘ) ভবিষ্যৎ মূল্য

৩১. অর্থের সময় মূল্যের সৃষ্টি হওয়ার কারণ কী?
ক) সুদের হার খ) তারল্য
গ) আর্থিক নীতি ঘ) মুদ্রা নীতি

৩২. নিচের কোনটি স্বল্পমেয়াদি অর্থায়নের হাতিয়ার?
ক) বাণিজ্যিক কাগজ খ) শেয়ার
গ) বন্ড ঘ) ঋণপত্র

৩৩. নিচের কোনটি চলতি দায়?
ক) ঋণ খ) অনাদায়ী দেনা সঞ্চিতি
গ) শেয়ার ঘ) দেনাদার

নিচের একটি উদ্দীপক দেওয়া আছে।
আবু জাফর কটন মিলের একক প্রতি বিক্রয়মূল্য ১২০ টাকা। পরিবর্তনশীল ব্যয় ৮০ টাকা ও সমচ্ছেদ বিন্দু ২৪,০০২ টাকা। কিন্তু উক্ত কোম্পানির স্থায়ী ব্যয় জানা নাই।

৩৪. আবু জাফর কটন মিলের স্থায়ী ব্যয় কত টাকা হবে?
ক) ৭,০০০ খ) ৮,০০০
গ) ৯,০০০ ঘ) ১০,০০০

৩৫. আবু জাফর কটন মিলের অনুদানপ্রান্ত কত টাকা হবে?
ক) ৩০ খ) ৩৫ গ) ৪০ ঘ) ৪৫

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
আফসানা লি. একটি গাড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিটি গাড়ি উৎপাদন করতে ৫ দিন সময় লাগে। প্রতিষ্ঠানটি গাড়ি উৎপাদনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ধারে ক্রয় করে। পাওনা পরিশোধের জন্য ২০ দিন সময় পেয়ে থাকলেও ১৫ দিনে মূল্য পরিশোধ করে। ফলে বাজারে প্রতিষ্ঠানটির যথেষ্ট সুনাম রয়েছে। অন্যদিকে উৎপাদিত গাড়ি ধারে বিক্রি করলে দেনা আদায়ের জন্য ২৫ দিন সময় থাকলেও ৩০ দিন গ্রহণ করে।

৩৬. আফসানা লি.-এর নগদ রূপান্তরচক্র কত দিনে হবে?
ক) ১০ দিন খ) ২০ দিন
গ) ৪০ দিন ঘ) ৫০ দিন

৩৭. আফসানা লি. তার নগদ আবর্তন বৃদ্ধির জন্য যে পদক্ষেপ গ্রহণ করতে পারে তা হলো—
i. উৎপাদন সময় বৃদ্ধি
ii. আদায় সময় ৫ দিন হ্রাস
iii. পাওনা পরিশোধ ৫ দিন বিলম্বিত করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. বাংলাদেশ ব্যাংকের কাজ কোনটি?
ক) গ্রাহকদের নিকট থেকে আমানত গ্রহণ
খ) বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ নিয়ন্ত্রণ
গ) ঋণ আমানত সৃষ্টি করা
ঘ) গ্রাহকদের ঋণ প্রদান

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রহমান একজন চালের ব্যবসায়ী। তার ব্যবসায়ের দৈনন্দিন ব্যয়ের সবগুলো প্রয়োজন মেটাতে তিস্তা ব্যাংক থেকে ১০% সুদে তিনি ২০,০০০ টাকা ধার নিলেন এবং চলতি মূলধনের মজুদ পণ্যের ব্যয় মেটাতে ঐ একই হারে আরো ৩০,০০০ টাকা ধার নিলেন।

৩৯. জনাব রহমান তহবিল সংগ্রহের ক্ষেত্রে কোন নীতি প্রয়োগ করেছেন?
ক) রক্ষণশীলতার নীতি খ) আগ্রাসী নীতি
গ) সমন্বয় নীতি ঘ) চলমান নীতি

৪০. এরূপ তহবিল সংগ্রহে জনাব রহমানের—
i. ঝুঁকি বেড়ে যেতে পারে
ii. মুনাফা বেড়ে যেতে পারে
iii. ব্যয় বেড়ে যেতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তরমালা

১	খ	২	ঘ	৩	ক	৪	ক	৫	খ	৬	ঘ	৭	গ	৮	ক	৯	ক	১০	ঘ	১১	ক	১২	ঘ	১৩	খ	১৪	ঘ	১৫	ক	১৬	গ	১৭	ঘ	১৮	ঘ	১৯	গ	২০	গ
২১	খ	২২	গ	২৩	ক	২৪	ঘ	২৫	খ	২৬	ক	২৭	ক	২৮	ক	২৯	ক	৩০	ক	৩১	ক	৩২	ক	৩৩	ক	৩৪	ঘ	৩৫	গ	৩৬	ঘ	৩৭	গ	৩৮	ঘ	৩৯	ঘ	৪০	খ